

## কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট এসডিজি অর্জনের কৌশলঃ

কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (এসডিজি) এর উদ্দেশ্যসমূহ অর্জনের সুনির্দিষ্ট কৌশল হচ্ছে নিম্নরূপঃ

- (১) উচ্চ ফলনশীল, হাইব্রিড ও অধিক পুষ্টি সম্পন্ন জাত উদ্ভাবন ও প্রবর্তন (adopt) করা;
- (২) জলবায়ু পরিবর্তন জনিত সমস্যা যেমন: খরা, লবণাক্ততা, বন্যা, জলাবদ্ধতা, অধিক তাপমাত্রা সহিষ্ণু ফসলের জাত উদ্ভাবন ও প্রবর্তন করা;
- (৩) প্রতিকূল পরিবেশ ঝুঁকি প্রতিরোধী ট্রান্সজেনিক জাত উদ্ভাবন করা;
- (৪) উন্নত মানের বীজ উৎপাদন ও সরবরাহ;
- (৫) উৎপাদন খরচ হ্রাস ও দক্ষতা বৃদ্ধির জন্য কৃষি যান্ত্রিকীকরণ;
- (৬) জমির স্বাস্থ্য সুরক্ষা করা;
- (৭) কৃষি বহুমুখীকরণ, উচ্চ মূল্য ফসল উৎপাদন ও সকল ফসলের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিতকরণ;
- (৮) সেচের পানির দক্ষ ব্যবহার;
- (৯) পরিবেশ বান্ধব কৃষি প্রযুক্তির ব্যবহার ;
- (১০) সমন্বিত বালাই ব্যবস্থাপনা;
- (১১) এলাকা উপযোগী শস্য বিন্যাস প্রণয়ন করা;
- (১২) শস্য সংগ্রোত্তর ব্যবস্থাপনা;
- (১৩) কৃষি বিপণন, প্রক্রিয়াকরণ ও কৃষি ভিত্তিক শিল্প জোরদারকরণ ইত্যাদি।
- (১৪) উৎপাদন, প্রক্রিয়াকরণ ও বিপণনে নারীর সম্পৃক্ততা বৃদ্ধি; এবং
- (১৫) জনবল ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং লাগসই প্রযুক্তি হস্তান্তরে কার্যকর ব্যবস্থা গ্রহণ।